গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড

এবং

কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ), ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ঢাকা(দক্ষিণ) কমিশনারেটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা: ৪

সেকশন ১: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ঢাকা(দক্ষিণ) কমিশনারেট এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী (Outcome/Impact) (Acronyms) ৫

সেকশন ২: ঢাকা(দক্ষিণ) কমিশনারেট এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)..................৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ...................................৭-১২

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)..১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি.......................................১৪-১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা.............................১৬

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ), ঢাকা এর **কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

(Overview of the Performance of Dhaka (South) Commissionerate)

সাম্প্রতিক বছরসমূহের (তিনবছর) প্রধান অর্জনসমূহঃ

মূল্য সংযোজন কর অনুবিভাগের প্রধান কাজ হচ্ছে পরোক্ষ কর আরোপ, কর আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন ও হালনাগাদকরণ। ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরে মোট লক্ষ্যমাত্রা ৮৪২২.২২ কোটি টাকা ও ৩৯৩০.০০ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃক রাজস্বের পরিমাণ যথাক্রমে ৭৪৮৭.৫৯ কোটি টাকা ও ৪২৩০.৮৭ কোটি টাকা। ২০১৬-১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৬৫১.৮৫ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৪৭০০.০০ কোটি টাকা। রাজস্ব আদায়ে গতি সঞ্চরে ও লক্ষ্যমাত্রা অর্জনে অন্যান্য ভ্যাট কমিশনারেটের ন্যায় এ দপ্তর নানা কৌশল, কর্ম পদ্ধতি প্রয়োগ করে এবং ব্যবসায়ী মহল ও অন্যান্য অংশী জনের সাথে আলোচনা ও তাঁদের সঙ্গে নিয়ে অভিলক্ষ্য অর্জন করার কার্যক্রম শুরু করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

- সঠিক মূসক (কর-দায়িতা) নির্ধারণ, উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, মূসক ফাঁকি রোধ, মূসকের আওতা সম্প্রসারণ, নিরীক্ষা ও পরিদর্শন, বকেয়া আদায়, বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ (মামলা তদারকি ও বিকল্প বিরোধ নিষ্পত্তিকরণের মাধ্যমে) ও প্রশিক্ষিত জনবল স্বল্পতা।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ভবিষ্যতে রাজস্ব আদায় বৃদ্ধির জন্য জাতীয় রাজস্ব বোর্ডের দিক-নির্দেশনা প্রতিপালন, রিটার্ণ যাচাইকরণ, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, মূসকনেট সম্প্রসারণ, মূসক ফাঁকি রোধ এবং আইন ও মূসক প্রদান পদ্ধতি সহজীকরণ, মূসক শিক্ষা, বিজ্ঞাপন প্রচার, ট্যাক্স পেয়ার্স সার্ভিস নিশ্চিতকরণ; প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট রাজস্ব আদায়; কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

উপক্রমণিকা (Preamble)

ঢাকা (দক্ষিণ) কমিশনারেটের পক্ষে কমিশনার, কাস্টসম, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (দক্ষিণ),ঢাকা

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি হিসাবে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড এর মধ্যে ২০১৭ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

<u>সেকশন ১:</u>

এ দপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্যে (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ

১.১। রূপকল্প (Vision) :বিদ্যমান মূসক ব্যবস্থার কার্যকর পরিপালন সংস্কৃতি গড়ে তোলার প্রয়াস এবং ভীতিমুক্ত কর পরিশোধ পরিবেশ সৃষ্টির মাধ্যমে অভ্যন্তরীন উৎস থেকে জাতীয় অর্থনীতিতে সম্পদের যোগান।

১.২। অভিলক্ষ (Mission): বিদ্যমান আইন ও বিধির নির্মোহ ও ন্যায়ভিত্তিক প্রয়োগের মাধ্যমে ব্যবসা বান্ধব মূসক প্রশাসন গড়ে তোলা এবং নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন।

১.৩। কৌশলগত উদ্দেশ্যাবলী (Strategic Objectives):

ক) দীর্ঘমেয়াদী:

১) করদাতাকে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ প্রদান;
২) মূসক কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান;
৩) স্থায়ী অবকাঠামো তৈরী;
৪) প্রত্যক্ষ কর বিভাগসহ সকল স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক উন্নয়ন এবং যোগাযোগ বৃদ্ধি;
৫) কর পার্থক্য (Tax Gap) পর্যায়ক্রমে হ্রাস করণ ও দীর্ঘমেয়াদে শূন্যের কোঠায় নামিয়ে আনার মাধ্যমে সর্ব্বোচ্চ রাজস্ব আহরন নিশ্চিত করা।
৬) রাজস্ব আদায়ে অংশীজনের সহায়তা গ্রহন;

খ) মধ্যম মেয়াদী:

১) ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে ঝুঁকিপূর্ণ করদাতাকে নির্বাচন ও যথাযথ রাজস্ব আহরণ নিশ্চিত করণ;
২) যৌক্তিক পদ্ধতি অনুসরণ করে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা;
৩) বিদ্ধমান মামলা সমূহ নিস্পত্তির কার্যক্রম;
৪) দাপ্তরিক আধুনিকায়ন এবং ব্যবস্থাপনায় উত্তরোত্তর তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি;

গ) স্বল্প মেয়াদী:

১) নতুন করদাতা অনুসন্ধান;
২) কর ফাঁকিরোধে Intelligence based Preventive কার্যক্রম গ্রহণ;
৩) দাপ্তরিক শৃঙ্খলা স্থাপন;
৪) বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন;
৫) কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক উন্নয়নে কার্যক্রম গ্রহণ;
৬) আর্থিক ব্যবস্থার উন্নয়ন;

১.১ কার্যাবলীঃ

- **<u>রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনঃ</u>**

- রাজস্ব লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় কার্যক্রম মনিটরিং
- বাজেটে গৃহীত মূসক ব্যবস্থা অনুযায়ী মূসক আদায়
- নতুন ভাবে মূসকে অন্তর্ভুক্ত পণ্য ও সেবার নিবন্ধন ও মূসক আদায়
- গুরুত্বপূর্ণ খাত ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও আদায় বৃদ্ধি
- ঝুঁকিপূর্ণ পণ্য ও প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও ব্যবস্থা গ্রহণ
- জরিপের মাধ্যমে মূসকের আওতা বৃদ্ধি
- উৎসে মূসক আদায়ে নিবিড় মনিটরিং
- নিবারক তৎপরতা বৃদ্ধি

সেকশন-২

মূসক অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্তমন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (source's of data)
			২০১৫-১৬	২০১৬-১৭		২০১৮-১৯	২০১৯-২০		
রাজস্ব আহরণ বৃদ্ধি	কর জিডিপির অনুপাত বৃদ্ধি	শতকরা হার	১০.৬০	১১.১৭	১২.৩০	১৩.১০		এটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, মহাহিসাব নিরীক্ষকের ও নিয়ন্ত্রকের দপ্তর	মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি ২০১৬-১৭ থেকে ২০১১৮-১৯, অর্থ বিভাগ